



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জলানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি)



খনিজ সম্পদ উন্নয়ন ব্যরোর সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির ২৯.০৬.২০২১ খ্রি।
তারিখে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (এপ্রিল-জুন, ২০২১)

সভাপতি	জনাব মোঃ মামুনুর রশীদ খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি)
সভার তারিখ	২৯ জুন ২০২১
সভার সময়	সকাল ০৯.৩০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই সভাপতি বর্তমান করোনা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং সকলকে সাবধানে থাকার অনুরোধ জানান। তিনি খনিজ সম্পদ উন্নয়ন ব্যরোর সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার বিষয়ে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, গত ২৮ মার্চ, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। ওয়েবসাইটে সকলের নাম, ঠিকানা, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা হয়েছে। সভাপতি সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুত করতে হবে। সিটিজেন চার্টারের উল্লিখিত সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করতে হবে। এ প্রক্ষিতে উপপরিচালক (খনি ও খনিজ)(চ.দা) জনাব মোঃ মাহফুজুর রহমান জানান, সিটিজেন চার্টার হালনাগাদকরণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি কমিটিকে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। কমিটির সদস্য সহকারী পরিচালক (ভূ-রসায়ন) জনাব আজিজুল হক জানান, বিএমডির ফ্রন্ট ডেক্স/অপেক্ষাগারে একটি কিয়ন্ত/সাইনেজ মেশিন স্থাপনের মাধ্যমে নাগরিক সেবা (সিটিজেন চার্টার) প্রদর্শনের একটি পরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত ছিল যা ইতোমধ্যে চালু করা হয়েছে। এতে সেবাগ্রহীতা সহজেই তাদের সেবাপ্রাপ্তির তথ্য জানতে পারবে।

সিদ্ধান্ত :

- ক) সিটিজেন চার্টার/সেবা প্রদান প্রতিশুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
 - খ) সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী কর্মকর্তাদের নাম, ঠিকানা, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড এবং সে অনুযায়ী সেবা প্রদান করতে হবে;
 - গ) প্রতি তিন মাস অন্তর অন্তর ০১ (এক) টি করে সভা আয়োজন করতে হবে।
- ৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জনাব মোঃ মামুনুর রশীদ

খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি)

স্মারক নম্বর: ২৮,০৭,০০০০,০০৮,৩৫,০০১,০২,২১৭

তারিখ: ১৫ আষাঢ়, ১০২৮

২৯ জুন ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, জালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন বুরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন বুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন বুরো (বিএমডি);
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৭) অফিস কপি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)